29 JAN 2016 ... কলাম ... ৪

সংবাদ

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

স্মারক নংঃ ইউজিসি/বেঃবিঃ/৪৮৪(বিজ্ঞপ্তি)/২০১৬

তারিখঃ ১৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের বর্তমান অবস্থা।**

বর্তমানে দেশে অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৯১টি। এর মধ্যে যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মামলা মোকদ্দমাসহ বিভিন্ন ধরণের সমস্যা বিদ্যমান, সমস্যার ধরণসহ সে সব বিশ্ববিদ্যালয়ের তালিকা জনস্বার্থে এবং অভিভাবক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে পূর্বের ন্যায় প্রকাশ করা হলো।

ক) **আদালতের স্থগিতাদেশ নিয়ে ক্যাম্পাস পরিচালনা (০৩টি)**

(১) **দারুল ইহসান বিশ্ববিদ্যালয়**-দেশের বিভিন্ন অঞ্চলে অসংখ্য অননুমোদিত শাখা ক্যাম্পাস রয়েছে যা বন্ধের লক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতির নির্দেশক্রমে সরকার কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে নিয়ে এক সদস্যবিশিষ্ট বিচার বিভাগীয় তদন্ত কমিশনের প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে। উক্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। এখানে উল্লেখ্য যে, ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এ বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাসের ওয়েব সাইট বন্ধ এবং মাননীয় আদালতের স্থগিতাদেশ প্রাপ্ত ২৯টি ক্যাম্পাস ব্যতিত সকল অবৈধ ক্যাম্পাস সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সহায়তায় উচ্ছেদ করা হয়েছে মর্মে শিক্ষা মন্ত্রণালয় কমিশনকে অবহিত করেছে।

(২) **বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ**-এ বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাস-ও আর নিজাম রোড, চট্টগ্রাম।

(৩) **ইবাইস ইউনিভার্সিটি**-এ বিশ্ববিদ্যালয়ে অননুমোদিত ক্যাম্পাস-(ক) বাসা- ২৭, রোড- ০৬, মোহাম্মদীয়া, হাউজিং সোসাইটি (মেইন রোড), মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭ এবং (খ) বাসা- ১৩, রোড- ৩৫, সেক্টর- ০৭, উত্তরা, ঢাকা- ১২৩০।

খ) **অননুমোদিতভাবে ক্যাম্পাস পরিচালনা (০৪টি)**

(১) **বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ**- ৭৪/৮১, বায়োজিদ বোস্তামি রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।

(২) **আন্তর্জাতিক ইসলামিক বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম**- (ক) বহদ্দারহাট (মহিলা শাখা) চট্টগ্রাম, (খ) কর্ণফুলি ভবন (প্যারেড গ্রাউন্ডের পূর্ব পার্শ্বে), (গ) কেয়ারী শপিং মলের পিছনে অবস্থিত বর্ধিত ভবন, (ঘ) গুলজার টাওয়ার এর বিপরীত পার্শ্বে, (ঙ) চট্টেশ্বরী রোড।

(৩) **সাউদার্ণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ**- (ক) উত্তরা, ঢাকা (খ) বয়রা, খুলনা (গ) মজমপুর, কুষ্টিয়া (ঘ) সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা (ঙ) কারমাইকেল কলেজ রোড, লালবাগ, রংপুর (চ) ও আর নিজাম রোড, চট্টগ্রাম (ছ) গুলজার টাওয়ার, চকবাজার, চট্টগ্রাম (সকল অননুমোদিত ক্যাম্পাস উচ্ছেদের জন্য মাননীয় আদালত থেকে নির্দেশনা দিয়েছে)।

(৪) **সোনারগাঁ ইউনিভার্সিটি**-হোল্ডিং নং-১৪৭/আই, গ্রীন রোড, তেজগাঁও, ঢাকা-১২১৫ বিমক এর অনুমোদনের জন্য আবেদন করেছিল তবে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের ব্যত্যয় হবে বিধায় কমিশন থেকে এর অনুমোদন দেয়া হয়নি।

গ) **সরকার কর্তৃক বন্ধকৃত, তবে আদালতের স্থগিতাদেশ নিয়ে পরিচালিত (০১টি)**

**আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি**-৫৪/১, প্রগতি স্মরণী, বারিধারা-নন্দা, ঢাকা। উক্ত ক্যাম্পাস ব্যতীত মাননীয় উচ্চ আদালতের রায় অনুযায়ী অননুমোদিত অন্যান্য অবৈধ ক্যাম্পাস উচ্ছেদ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র মারফত অনুরোধ করা হয়েছে। অননুমোদিত ও উচ্ছেদযোগ্য ক্যাম্পাস- (১) ৯৫, বি টি আই ভবন, ফার্মগেট (২) ৭১/সি, আসাদ এভিনিউ (৩) ১০৭/১, বক্স কালভার্ট রোড, নয়াপল্টন (৪) ৭৪৩, সাত মসজিদ রোড, ধানমন্ডি (৫) ১৫৯/ডি, তেজগাঁও শিল্প এলাকা (৬) মেহেরবা প্লাজা, ৩৩ তোপখানা রোড (৭) ৫/এফ জি এইচ, দারুস সালাম রোড, সংগীতা ভবন, মিরপুর-১ (৮) বাড়ী- ১৩, রোড- ৩৫, সেক্টর- ৭, উত্তরা (৯) ৮৩/৩/এ, জনী টাওয়ার যাত্রাবাড়ি চৌরাস্তা (১০) রোজিডেল, বাড়ি- ১, রোড- ৪, গুলশান বাড্ডা লিংক রোড (১১) বাড়ি- ১১৩, রোড- ৪, ব্লক-বি, বনানী (১২) ১, জনসন রোড, রায় সাহেব বাজার (১৩) ৫৭১, পূর্ব কাজীপাড়া, মিরপুর (১৪) ডানা প্লাজা, চৌরাস্তা, গাজীপুর (১৫) তিন মাথা, রেলগেট, বগুড়া (১৬) ১৪৫, নাটোর রোড, তালাইমারি, রাজশাহী। উল্লেখ্য যে, এ বিশ্ববিদ্যালয়ের কমিশনের অজানা আরো অবৈধ ক্যাম্পাস থাকতে পারে।

ঘ) **বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব এবং পরস্পরের বিরুদ্ধে আদালতে মামলা বিচারাধীন (০২টি)**

(১) **দারুল ইহসান বিশ্ববিদ্যালয় (২) ইবাইস ইউনিভার্সিটি।**

ঙ) **বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব তবে মামলা নেই (২টি)**

(১) **সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, সিলেট (২) ব্রিটানিয়া ইউনিভার্সিটি, কুমিল্লা**

চ) **বিদ্যমান শিক্ষার্থীদের কোর্স সমাপ্ত করার অনুমতি (০২ টি)**

(১) **নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ**-এ বিশ্ববিদ্যালয়ের রাজশাহী ও খুলনাস্থ ক্যাম্পাস দুটি বিশেষ বিবেচনায় শুধুমাত্র বিদ্যমান ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স সমাপ্ত করার জন্য পরিচালনার অনুমতি দেওয়া হয়েছে, তবে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ আছে। উল্লেখ্য যে, খুলনা ক্যাম্পাসের ঠিকানায় সরকার কর্তৃক ২৯/১২/২০১৫ তারিখে নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি নামে নতুন বিশ্ববিদ্যালয় সাময়িক অনুমোদন পেয়েছে।

(২) **ইউনিভার্সিটি অভ ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস**- রাজশাহী ও চট্টগ্রামস্থ ক্যাম্পাস দুটি বিশেষ বিবেচনায় বিদ্যমান ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স সমাপ্ত করার জন্য পরিচালনার অনুমতি দেওয়া হয়েছে। উক্ত দুটি ক্যাম্পাসে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ আছে। রাজশাহীস্থ ক্যাম্পাসে শিক্ষার্থী নেই, শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের সাইনবোর্ড রয়েছে।

২। বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনিয়ম সম্পর্কে অনুসন্ধান চলছে, পরবর্তীতে সমস্যা সংবলিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের তালিকা হালনাগাদ করে প্রকাশ করা হবে।

৩। এ সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে অভিভাবক ও শিক্ষার্থীদের সঠিক তথ্যাদি যাচাই বাছাইপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। **অনুমোদনবিহীন কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় কিংবা অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাসে প্রোগ্রাম/কোর্সে ভর্তি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয় বা ইউজিসি নেবে না।**

**কর্তৃপক্ষের নির্দেশক্রমে,**

২৮.০১.২০১৬

জেসমিন পারভীন
উপ পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ
ইউজিসি

C-216 (12 x 4)